



## “মাহে রমজানের পবিত্রতা রক্ষার্থে সম্মানিত ব্যবসায়ী ও ভোক্তা সাধারণের জন্য জ্ঞাতব্য”

- স্থানীয় বাজার হতে সাচ্ছন্দে চাহিদা অনুযায়ী কৃষি ও নিত্য প্রয়োজনীয় ভোগ্য পণ্য ক্রয় করুন;
- আপনার এলাকায় পর্যাপ্ত কৃষিপণ্য উৎপাদন ও সরবরাহ আছে, সেহেতু অহেতুক বিচলিত না হয়ে সরাসরি বাজার হতে টাটকা সামগ্রী ক্রয়ের অভ্যাস গড়ে তুলুন এবং আর্থিক ভাবে লাভবান হোন;
- খাদ্যদ্রব্য ও কৃষিপণ্য সামগ্রীর গুনগত মান বজায় রাখুন এবং জনসাধারণের দুর্ভোগের কথা বিবেচনা করে কৃষি ও নিত্য পণ্য সামগ্রী স্বল্প লাভে বিক্রয় করুন;
- এক সংগে অতিরিক্ত পণ্য ক্রয় না করে প্রয়োজন অনুযায়ী পণ্য ক্রয়ের অভ্যাস গড়ে তুলুন। এতে সুযোগ সন্ধানীগণের অবৈধ উপায়ে মুনাফা অর্জনের সুযোগ হ্রাস পাবে;
- খাদ্য পণ্যের বহুমুখী ও বিকল্প ব্যবহারের অভ্যাস গড়ে তুলুন এবং অধিকহারে দেশীয় ফল মূলের পুষ্টিমান গ্রহণ করুন;
- শাক-সবজি, ফল, মাছ-মাংসসহ বিভিন্ন খাদ্য দ্রব্যে কোন প্রিজারভেটিভ ব্যবহার করবেন না। মনে রাখবেন মাত্রাতিরিক্ত প্রিজারভেটিভ ব্যবহার আপনার নিজের ও অন্যের স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর;
- খাদ্য দ্রব্যে ভেজাল মেশানো হতে দূরে থাকুন, মনে রাখবেন এ ধরনের কাজ দন্ডনীয় অপরাধ;
- আল্লাশুক্কির এ মাসে অবৈধ উপায়ে অধিক মুনাফার পথ পরিহার করুন এবং সংযমের এ মাসে অতিরিক্ত খাদ্য গ্রহণ ও অপচয় পরিহার করুন;
- পবিত্র রমজান মাসে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী যথা:- শাক-সবজি, মাছ-মাংসের সরবরাহ বৃদ্ধি এবং মূল্য স্থিতিশীল রাখতে সচেষ্ট হোন;
- কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক স্থাপিত মূল্য প্রদর্শনী বোর্ডে প্রদর্শিত যৌক্তিক মূল্যে কৃষিপণ্য ক্রয়-বিক্রয় করুন;

প্রচারে—

কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা।

web: dam.gov.bd, e-mail: dg@dam.gov.bd